

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৮- ৩৩৫ (ক)

তারিখ: ১৪.০৫.২০১৮ খ্রি।

বিষয়: নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে জুনিয়র মৌলভী পদ থেকে জনাব মো: শহীদুল্লাহকে প্রভাষক (আরবি) পদে সমন্বয়ের কারণ এবং জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক তাঁর (জনাব মো: শহীদুল্লাহ) এর অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের নিমিত্ত বার বার সুপারিশ করার কারণ ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন দাখিল প্রসঙ্গে

সূত্র:(১) জনাব ফাতেমা ইয়াসমিন, প্রভাষক (আরবি), শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসা এর আবেদন তারিখ: ০৩.১০.২০১৭ খ্রি।

(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-১জি-১৪৮২-বি/২০১০/৫০৭১/৬ তারিখ: ১৮.০৭.২০১৩ খ্রি।

(৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং-১জি-১৪৮২-বি/১০/৬৫৫/৩-বিশেষ তারিখ: ০৫.০৩.২০১৭ খ্রি।

(৪) শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসা কর্তৃক অনলাইন আবেদন তারিখ: ২৩.০৩.২০১৬ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে পদ সমন্বয় ও জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের সুপারিশ বিষয়ক একখানা অভিযোগ আবেদন বর্ণিত মাদরাসার আরবি প্রভাষক জনাব ফাতেমা কর্তৃক এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. জনাব ফাতেমা, প্রভাষক (আরবি) কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত মাদরাসার কর্তৃপক্ষ কর্তৃক জুনিয়র মৌলভী পদ হতে জনাব মো: শহীদুল্লাহকে আরবি প্রভাষক পদে সমন্বিত করা হয় এবং পরবর্তীতে তাঁর (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের নিমিত্ত মহোদয় কর্তৃক যথাযথ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হয় যা ১৪.১০.১৯৯৫ এর জনবল কাঠামো বিধি এর সুস্পষ্ট লংঘন মর্মে সূত্রোস্থ ২ ও ৩ নং স্মারকে উল্লিখিত হয়েছে (কপি সংযুক্ত)।

০৩. সূত্রোস্থ ২ ও ৩ নং স্মারকে জনাব মো: শহীদুল্লাহর সহকারী অধ্যাপকের স্কেল না পাওয়ার বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান সত্ত্বেও মহোদয় কর্তৃক ২০১৬ সালে পুনরায় জনাব মো: শহীদুল্লাহর অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের জন্য অনলাইনে আবেদন করা হয় যা একই কারণে জেলা শিক্ষা অফিসার, নরসিংদী কর্তৃক সূত্রোস্থ ৩নং স্মারকে reject করা হয় (কপি সংযুক্ত)।

০৪. বিধি বহির্ভূতভাবে জুনিয়র মৌলভী পদ থেকে জনাব মো: শহীদুল্লাহকে প্রভাষক (আরবি) পদে কেন ও কোন বিধি বলে সমন্বয় করা হয়েছে এবং একই বিষয়ে একাধিক বার যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুস্পষ্ট মতামত প্রদান করা সত্ত্বেও কেন বার বার একই ব্যক্তির (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে মহোদয় কর্তৃক সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের সুপারিশ করা হচ্ছে তা দাপ্তরিক প্রয়োজনে জানা দরকার।

০৫. এমতাবস্থায় নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসার কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে জুনিয়র মৌলভী পদ থেকে জনাব মো: শহীদুল্লাহকে প্রভাষক (আরবি) পদে সমন্বয়ের কারণ এবং জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক তাঁর (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের সুপারিশ করার কারণ ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন আগামী ২৪.০৫.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরকে অবহিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় মহোদয়ের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মো: অফাজ উদ্দীন)

অধ্যক্ষ, শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসা  
অনুলিপি:

সহকারী পরিচালক (সরকারী ও সিনি: মাদরাসা)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৪. মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী।
৫. অফিস কপি।

ফোন নং- ৪১০৩০১৬৭  
ই-মেইল-[gdgmeb@gmail.com](mailto:gdgmeb@gmail.com)